

নিউ টাউন স্কুলে দর্শিল সাফারির নাটক

দর্শিল সাফারি নামটি প্রায় সবারই চেনা। আমির খান অভিনীত ও পরিচালিত 'তারে জমিন পর' ছবিতে তার অভিনয় সবার নজর কেড়েছিল। এখন অবশ্য সে অনেক বড় হয়ে গিয়েছে এবং নাটকে অভিনয় করছে। তারই অভিনীত একটি নাটক সম্প্রতি মঞ্চস্থ হয়ে গেল নিউ টাউন স্কুলে। নাটকটির নাম 'টু অ্যাডরেবল লুজারস'। নাটকটি ছাত্র ও শিক্ষক সম্পর্ক নিয়ে এবং নাটকটি বহুল প্রশংসিত। নাটকের গল্পটি এরকম—একবার এক মারাত্মক রকমের পিছিয়ে পড়া ছাত্র অক্ষয় স্কুলের এক টিচার জলির কাছে গিয়ে অতিরিক্ত ক্লাস নেওয়ার অনুরোধ জানান। ইচ্ছে না থাকলেও জলি রাজি হতে বাধ্য হয়। কারণ তা না হলে প্রিন্সিপাল ম্যার রাগ করতে পারেন। কিছুদিন পড়াবার পরই জলি বুঝতে পারল যে এ ছেলেকে কিছুতেই পাশ করানো সম্ভব নয়। কারণ

পরীক্ষা আর মাত্র একমাস বাকি। এদিকে জলিরও মাথার ওপর খাঁড়া ঝুলছে। কারণ তাঁকে 'অ্যানুয়াল ডে স্পিচ' দিতে হবে। তাঁর ভয় তাঁর গ্রাম্য ওড়িশি উচ্চারণ নিয়ে। অ্যানুয়াল ডে-তে ওই উচ্চারণ সবার কাছে তাঁকে হাসির খোরাক করবে না তো! শেষে অক্ষয় জলিকে ট্রেনিং দিতে শুরু করল।



এইভাবে দু'জনের মধ্যে এক অসম বন্ধুত্বের সূত্রপাত হল। দু'জনের অবস্থাটাই এক। দু'জনকেই লড়তে হচ্ছে সমাজ নির্ধারিত কিছু প্রতিবন্ধকতার সঙ্গে। হাসি-মজার মধ্যে দিয়ে নাটকটি ছাত্র-শিক্ষক-অভিভাবকদের কাছে একটি বার্তা পৌঁছে দেয়। বার্তাটি হল পড়াশুনোকে, সামাজিক প্রথাকে ভয় না পেয়ে সাহসের সঙ্গে মোকাবিলা করা উচিত। পড়াশুনোকে ভালোবাসতে হবে। তারসঙ্গে ছাত্র-শিক্ষক সম্পর্ক নিয়েও এক নতুন দিশা দেখায় এ নাটক। অক্ষয়ের ভূমিকায় অভিনয় করেছে দর্শিল সাফারি। আর জলির ভূমিকায় অভিনেত্রী পট্টনায়ক। নাটকটি দর্শকদের সহর্ষ প্রশংসা লাভ করেছে।